# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 05-02-2025** **Time: 7-50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে শিল্প ক্ষেত্রে বিনিয়োগ বৃদ্ধির লক্ষে অষ্টম বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন আজ শুরু হয়েছে।

শিল্প বিনিয়োগের ক্ষেত্রে যাবতীয় সমস্যার দ্রুত সমাধানের লক্ষে মুখ্য সচিবের নেতৃত্বে শিল্প সমন্বয় সমিতি গঠনের কথা ঘোষিত।

আগামীকাল থেকে দেউচা পাচামি খনি প্রকল্পে বেসল্ট উত্তোলনের কাজ শুরু হচ্ছে।

বিজেপি বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনকে বোমা-গুলির শিল্প সম্মেলন বলে দাবি করেছে।

অন্যদিকে তৃণমূল-কংগ্রেস এই বাণিজ্য সম্মেলনকে ঐতিহাসিক বলে পাল্টা দাবি করেছে।

২) রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের সরসঙ্ঘ চালক মোহন ভাগবত আগামীকাল কলকাতায় আসছেন।

৩) সুপ্রিম কোর্টে আগামী ১০-ই ফেব্রুয়ারী এস এস সি চাকরি বাতিলের মামলার পরবর্তী শুনানি।

৪) আর জি কর হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসককে ধর্ষণ ও হত্যার ঘটনায় অভয়া মঞ্চের স্বাস্থ্যভবন অভিযানকে কেন্দ্র করে আজ অশান্তি বাধে।

৫) কলকাতায় আজ শুরু হয়েছে ২৪-তম নাট্যমেলা।

৬) উত্তরাখন্ডে জাতীয় গেমসের অষ্টম দিনে বাংলা আজ একটি সোনা, একটি রূপো ও দুটি ব্রোঞ্চ পদক পেয়েছে।

oooooooooooooooooooooo

রাজ্যে শিল্প ক্ষেত্রে বিনিয়োগ বৃদ্ধির লক্ষে অষ্টম বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন আজ শুরু হয়েছে। নিউটাউনে বিশ্ব বাংলা কনভেনশন সেন্টারে দু-দিনের এই সম্মেলনের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বলেন, এই বাণিজ্য সম্মেলনে এপর্যন্ত আসা বিনিয়োগ প্রস্তাবের সিংহভাগই রূপায়িত হয়েছে। আগের সাতটি সম্মেলন থেকে মোট **১৯** লক্ষ **৫১** হাজার কোটি টাকার বিনিয়োগ প্রস্তাব এসেছিল। এর মধ্যে **১২** লক্ষ কোটি টাকার প্রস্তাব ইতিমধ্যেই রূপায়িত হয়েছে।

সম্মেলনে মুখ্যমন্ত্রী একাধিক সম্ভাবনা এবং নতুন শিল্পবান্ধব নীতির কথা তুলে ধরে এরাজ্যে বিনিয়োগের আহ্বান জানান। শিল্পে বিনিয়োগের ক্ষেত্রে যাবতীয় সমস্যার চট জলদি সমাধানের লক্ষ্যে মুখ্যসচিবের নেতৃত্বে রাজ্যস্তরে শিল্প সমন্বয় সমিতি গঠনের কথাও তিনি ঘোষণা করেন।

(বাইট – মুখ্যমন্ত্রী)

অন্যদিকে রাজ্যর সম্ভাবনাময় দেউচা পাচামি খনি প্রকল্পে আগামীকাল থেকে ব্যাসল্ট উত্তোলনের কাজ শুরু করা হবে বলেও মমতা ব্যানার্জী জানিয়েছেন।

এই সম্মেলন নিয়ে বিরোধীদের সমালোচনার উত্তরে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের সম্ভাবনার দিক বিশ্ববাসীর সামনে তুলে ধরতে এধরণের সম্মেলনের গুরুত্ব অনস্বীকার্য। রাজনৈতিক সমালোচনার জবাব দিতে তিনি বাধ্য নন, কিন্তু তার সরকার মানুষের কাছে দায়বদ্ধ বলেও স্পষ্ট জানান মমতা।

(বাইট – মুখ্যমন্ত্রী)

ঝাড়খন্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন, ভুটানের মন্ত্রী ইয়োনসেন ফুন্সো সহ ৪০-টি দেশের ২০০-র বেশি প্রতিনিধি এবং ২৫ জন রাষ্ট্রদূত ও হাইকমিশনের সদস্যরা সম্মেলনে অংশ নিচ্ছেন।

উপস্থিত শিল্পপতিরা রাজ্যে বেশকিছু নতুন বিনিয়োগের কথা ঘোষণা করেন। বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন নিয়ে আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট – অভিরূপ)

oooooooooooooooooooooo

পরে সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী জানান, আগামীকাল ৫ টি দেশের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করবেন তিনি। টাটা গোষ্ঠী সহ ব্রিটেন ও জার্মানির প্রতিনিধি দলের কাছে কলকাতা থেকে সরাসরি সে সব দেশে বিমান চালানোর আবেদন জানিয়েছেন তিনি। তিনি বলেন, এবারের সম্মেলন সব দিক থেকেই অনন্য সাধারণ। জাপানসহ একাধিক দেশ মুখ্যমন্ত্রীকে আমন্ত্রণ জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০ ০০০০

বিজেপি বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনকে বোমা-গুলির শিল্প সম্মেলন বলে দাবি করেছে। দলের রাজ্য সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায় কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে অভিযোগ করেন, রাজ্যে নিয়মিত গুলির বন্যা চলেছে এবং শিল্পও তলানিতে। ২০২৩-এ বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনে রাজ্যে মোট ১৯ লক্ষ ৫১ হাজার ২৬৬ কোটি টাকার প্রস্তাব এসেছে বলে রাজ্য সরকার দাবি করে। কিন্তু সেই বিনিয়োগের পরিণতি ও আসল চিত্র কি, তার কোন তথ্যই সরকার প্রকাশ করেনি।

(বাইট – জগন্নাথ)

শালবনিতে ইস্পাত কারখানা গড়ে তোলার জন্য জিন্দালদের সঙ্গে চুক্তি হওয়া সত্ত্বেও তারা কেন কারখানা গড়ে তোলেনি, শ্রী চট্টোপাধ্যায় সেই প্রশ্নও তোলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ এই বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনকে ঐতিহাসিক বলে দাবি করেছেন। তিনি আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, মমতা ব্যানার্জীর সরকার শিল্পবান্ধব। রাজ্যে ব্যাপক শিল্প পরিকাঠামোর উন্নয়ন হয়েছে। এখানে কোন কর্ম দিবস নষ্ট হয় না। এমনকি শিল্পপতিরাও সম্মেলনে রাজ্যে বিপুল পরিমাণে লগ্নি, নতুন প্রকল্প ও কর্মসংস্থানের বিষয়টি দেশের সেরা বলে উল্লেখ করেছেন। কিন্তু বিরোধীরা একে সহ্য করতে পারছে না বলেও তাঁর দাবি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের স্বরসজ্ঘচালক মোহন ভাগবত, আগামীকাল কলকাতায় আসছেন। সংঘের পূর্ব ক্ষেত্র ও দক্ষিণবঙ্গের প্রচারক জিষ্ণু বসু এবং বিপ্লব রায় কলকাতায় আজ এক যৌথ সাংবাদিক বৈঠকে এ কথা জানিয়ে বলেন, আগামীকাল সন্ধ্যায় শ্রী ভাগবত কলকাতা এসে পৌঁছাবেন। এরপর শুক্রবার ৭তারিখ থেকে সোমবার ১০তারিখ পর্যন্ত তিনি বিভিন্ন সাংগঠনিক বৈঠক করবেন। পরিবেশ রক্ষা, পরিবার রক্ষা,স্বদেশী ভাবনা, নাগরিক কর্তব্য এবং সমাজে সবার প্রতি সমান মনোভাব বজায় রাখার বিষয়ে বৈঠকে আলোচনা হবে।

এছাড়াও শ্রী ভাগবত প্রবীণ স্বয়ংসেবকদের সঙ্গে বার্তালাপ করবেন। আগামী ১১ ও ১২ই ফেব্রুয়ারি অখিল ভারতীয় বৈঠকেও যোগ দেবেন তিনি।

এরপর আগামী বৃহস্পতিবার ১৩ই ফেব্রুয়ারি সন্ধ্যায় তিনি বর্ধমানের উদ্দেশ্যে রওনা দেবেন। ১৪ থেকে ১৬ই ফেব্রুয়ারি সেখানে বিভিন্ন সাংগঠনিক কর্মসূচিতে অংশ নেবেন তিনি। ১৬তারিখ বিকেলে বর্ধমানে স্বয়ংসেবকদের প্রকাশ্য সভায় বক্তব্য রাখবেন। ১৭ তারিখ সন্ধ্যায় শ্রী ভাগবত কলকাতা হয়ে ফিরে যাবেন বলেও সাংবাদিক বৈঠকে জানা গেছে।

oooooooooooooooooooooo

সুপ্রিম কোর্টে আগামী সোমবার ১০ই ফেব্রুয়ারি এসএসসি চাকরি বাতিল মামলার শুনানী। তার আগে আজ মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতি তথা এসটিইএ'র উদ্যোগে শতাধিক শিক্ষক ও শিক্ষাকর্মী স্কুল সার্ভিস কমিশন অফিসে বিক্ষোভ দেখান। ১০ সদস্যের প্রতিনিধি দল, কমিশনের চেয়ারম্যান ডক্টর সিদ্ধার্থ মজুমদারের সঙ্গে সাক্ষাৎ করেন , স্মারকলিপি ও প্রদান করেন।

তাঁদের দাবি, ২০১৬ প্রথম এসএলএসটি প্যানেলে যোগ্যতা ও মেধার ভিত্তিতে নিযুক্ত সব শিক্ষক ও শিক্ষাকর্মীদের চাকুরিতে বহাল রাখতে হবে। সঙ্গে এই প্যানেলের দুর্নীতি কারীদের চূড়ান্ত শাস্তিও দাবি করা হয়। এক্ষেত্রে সুপ্রিম কোর্টে যোগ্য শিক্ষক শিক্ষাকর্মীদের যথাযথ নথি জমা করতে হবে। পরে সমিতির সাধারণ সম্পাদক নীলকান্ত ঘোষ বলেন,

(বাইট – নীলকান্ত)

যোগ্য ও অযোগ্য বাছাইয়ের দায়দায়িত্ব তদন্তকারী সংস্থা সিবিআই এবং স্কুল সার্ভিস কমিশন ঐ রাজ্য সরকারের। এ বিষয়ে আদালতে যথাযথ রিপোর্ট জমা করুক এঁরা। যোগ্যতা ও স্বচ্ছতার ভিত্তিতে যারা চাকরি পেল তাঁদের জীবন দুর্বিষহ করে দেওয়া হচ্ছে। যোগ্যদের চাকুরি ফিরিয়ে দেওয়ার ক্ষেত্রে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করা, নিয়োগ দুর্নীতিতে যুক্ত সকলের উপযুক্ত তদন্ত সাপেক্ষে শাস্তি দেওয়ার দাবি জানান তিনি।

উল্লেখ্য, ২০২৪ এর ২২ এপ্রিল কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চের এক রায়ে এই প্যানেলের ২৫ হাজার ৭৫৩ জনের চাকুরি বাতিল হয়ে যায় ।

oooooooooooooooooooooo

আর জি কর হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসকে ধর্ষণ ও হত্যার ঘটনায় অভয়া মঞ্চে স্বাস্থ্য ভবন অভিযানকে কেন্দ্র করে আজ ধুন্ধুমার কান্ড বাধে। সল্টলেকের করুণাময়ী মোড় থেকে স্বাস্থ্য ভবনের দিকে মিছিল এগোতে শুরু করলে ব্যারিকেড করে পুলিশ তাদের পথ আটকায়। এরপর পুলিশের সঙ্গে বাক্ বিতন্ডায় জড়িয়ে পড়েন আন্দোলনকারীদের একাংশ। বেশ কয়েকজন আন্দোলনকারীকে জোর করে তুলে লাল বাজারে নিয়ে যাওয়া হয়। মিছিল অংশ নেয় নাগরিক সমাজও। স্বাস্থ্যভবন অভিযানে সামিল হতে আসা প্রতিবাদীদের বিভিন্ন স্থানে আটকে দেওয়া হয় বলে অভয়ামঞ্চের তরফে অভিযোগ করা হয়েছে।

দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ের জমি-জীবিকা, বাস্তুতন্ত্র ও পরিবেশ রক্ষা কমিটির সদস্য, কর্মী সমর্থকরা অভিযানে যোগ দিতে গেলে শ্যামনগরে পুলিশী বাধার মুখে পড়েন। পুলিশের সঙ্গে তাদের ধস্তাধস্তি বাধে। বেশ কয়েকজনকে আটক করে প্রিজনভ্যানে তুলে নিয়ে যাওয়া হয় বলে অভিযোগ।

oooooooooooooooooooooo

রাজ্যে আরও একজনের গুলেন ব্যারি সিনড্রোমে আক্রান্ত হওয়ার খবর মিলেছে। ওই মাধ্যমিক পরীক্ষার্থী উত্তরবঙ্গ মেডিকেল কলেজের আইসিইউতে চিকিৎসাধীন। পারিবারিক সূত্রে জানা গেছে, গত ২২-শে জানুয়ারী তাকে প্রথমে কোচবিহার মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। জিবিএস ধরা পড়ায় রেফার করা হয় উত্তরবঙ্গ মেডিকেল কলেজে। কিন্তু আর্থিক সামর্থ না থাকায় তাদের পক্ষে তা সম্ভব হয়নি। পরে স্থানীয় কিছু মানুষের সাহায্যে পয়লা ফেব্রুয়ারী নিয়ে যাওয়া হয় উত্তরবঙ্গ মেডিকেল কলেজে। কিন্তু বহুমূল্য ইমিউনো গ্লোবিনের বন্দোবস্ত পরিবারের পক্ষ থেকে করতে না পারায় সঠিক চিকিৎসা সম্ভব হচ্ছে না। ফলে গভীর সঙ্কটে ওই আক্রান্ত।

oooooooooooooooooooooo

কলকাতায় আজ শুরু হয়েছে, ২৪-তম নাট্যমেলা। বিকেলে রবীন্দ্রসদনে মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী, বিশেষ নাট্য ব্যক্তিত্ব ব্রাত্য বসু।

স্বাগত ভাষণ দেন পশ্চিমবঙ্গ নাট্য অ্যাকাডেমী সভাপতি দেবশঙ্কর হালদার ও সহ সভাপতি অর্পিতা ঘোষ।

উল্লেখ্য, রাজ্যের তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় ও পশ্চিমবঙ্গ নাট্য একাডেমি আয়োজিত এই মেলা চলবে আগামী ১৩ ই ফেব্রুয়ারি পর্যন্ত। রবীন্দ্রসদন বাদে শিশির মঞ্চ,মধুসূদন মঞ্চ, তৃপ্তি মিত্র সভা গৃহ, একতারা মুক্ত মঞ্চে পূর্ণদৈর্ঘের নাটক ছাড়াও স্বল্প দৈর্ঘ্য, পথনাটিকা, পুতুল নাটক ও মুকাভিনয় পরিবেশিত হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বড়বাজারের পোস্তা এলাকায় পুরসভার ৪২ নম্বর ওয়ার্ডে আজ দুপুরে একটি বাড়ির একাংশ ভেঙে পড়ে। বাড়িটি প্রায় শতবর্ষ প্রাচীন বলে জানা গেছে। ঘটনায় অবশ্য কেউ আহত হননি। স্থানীয় কাউন্সিলার জানিয়েছেন, বাড়ির মালিক ভাড়া নেয়, কিন্তু মেরামতি করেন না। পুরসভাকেও তারা সহযোগিতা করে না।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

শহর কলকাতায় একাধিক জায়গায় বাড়ি হেলে পড়ার ঘটনার প্রতিবাদে এবং দুর্নীতিগ্রস্ত প্রোমোটার ও পুর আধিকারিকদের শাস্তির দাবিতে প্রদেশ কংগ্রেসের পুর ভবন অভিযানকে কেন্দ্র করে আজ উত্তজেনা ছড়ায়। মিছিল পুরভবনের সামনে আসার পর পুলিশ তাদের পথ আটকায়। ব্যারিকেড ভেঙে কংগ্রেসের কর্মী সমর্থকরা পুরভবনে ঢোকার চেষ্টা করলেও তারা সফল হননি।

পরে প্রদেশ কংগ্রেসের কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চ্যাটার্জি, প্রদেশ কংগ্রেস নেতা অমিতাভ চক্রবর্তী, প্রদীপ প্রসাদ সহ আট সদস্যের প্রদেশ কংগ্রেসের এক প্রতিনিধি দল এ সংক্রান্ত স্মারকলিপি ডেপুটি মেয়রের হাতে তুলে দেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরাখণ্ডে ৩৮ তম জাতীয় গেমসের আজ অষ্টম দিনে বাংলা একটি সোনা, একটি রূপো, দুটি ব্রোঞ্জ পদক পেয়েছে।

Lawn Bowls সিঙ্গলসে বীণা শাহ স্বর্ণ পদক জয় করেছেন।

ওমেন্স ফোর বিভাগে বাংলা রৌপ্য পদক পেয়েছেন। বাংলা দলে ছিলেন রেণু মহতা, মনীষা শ্রীবাস্তব, রীমা পাওয়া, কিঞ্জল শাহ।

এ ছাড়া অনূর্ধ্ব ২৫ পুরুষদের সিঙ্গেলসে দিব্যাং সওয়ালকা এবং পুরুষদের ট্রিপিলস্ এ  অগ্নেশ ভার্মা, সমিত মালহোত্রা, অক্ষত মুসদ্দি ব্রোঞ্জ পেয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আইএসএল ফুটবলে আজ  যুব ভারতী ক্রীড়াঙ্গনে ,  মোহনবাগান সুপার জায়ান্ট, পাঞ্জাব এফ সি, র মুখোমুখি । একটু আগে পাওয়া খবরে জানা গেছে খেলা গোল শূন্য।

উল্লেখ্য, মোহনবাগান ১৯ ম্যাচে ৪৩ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার শীর্ষে রয়েছে। নবম স্থানে থাকা পাঞ্জাব ১৭ ম্যাচে ২৩ পয়েন্ট সংগ্রহ করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০